

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৪৭.২১.৩০২

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০
০৫ জুন ২০২৩

বিষয়: পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে উপজেলা এবং পৌরসভাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৮.২০.০৩২.২২.১৮৪, তারিখঃ ২৯-০৫-২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় সারাদেশের ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার জন্য ৮৭,৯৭,৬৪৯টি এবং ৩২৯টি পৌরসভার জন্য ১২,৫৩,৮৫১টি সর্বমোট (৮৭,৯৭,৬৪৯+১২,৫৩,৮৫১)= ১,০০,৫১,৫০০ টি ভিজিএফ কার্ডের বিপরীতে কার্ড প্রতি ১০ (দশ) কেজি হারে (৮৭,৯৭৬.৪৯০+ ১২,৫৩৮.৫১০)= ১,০০,৫১৫ (এক লক্ষ পাঁচশত পনের) মেঃ টন ভিজিএফ চাল বরাদ্দের মঞ্জুরি জ্ঞাপন করা হলো। উক্ত মঞ্জুরিকৃত ভিজিএফ চাল নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে বিতরণ করতে হবে এবং ২০-০৬-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে:

শর্তাবলী:

- (১) উক্ত ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করবেন;
- (২) ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে:
 - (ক) সর্বশেষ আদমশুমারীর জনসংখ্যানুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ডসংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে (www.bbs.gov.bd ওয়েব সাইটে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে);
 - (খ) দুঃস্থ/ অতিদরিদ্র ব্যক্তি/ পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/ অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে;
 - (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/ পরিবার দুঃস্থ/ অতিদরিদ্র বলে গণ্য হবে;
 ১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;
 ২. যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল;
 ৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
 ৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অস্বচ্ছল;
 ৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
 ৬. যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই;
 ৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল;
 ৮. যে পরিবারের প্রধান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা;
 ৯. যে পরিবারের প্রধান অস্বচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী;
 ১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণপ্রাপ্ত হয় নি;
 ১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/ অর্থ সংকটে পড়েছে;
 ১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

অঃপঃদ্র/২

- (ঘ) ইউনিয়ন/ পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যাখিত হবে;
- (ঙ) উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ এর বরাদ্দ না পায়।

২। উক্ত মঞ্জুরি অনুযায়ী সকল জেলা প্রশাসক বরাবর প্রস্তাবিত বিভাজন মোতাবেক প্রয়োজনীয় বরাদ্দ আদেশ অগ্রাধিকার ভিত্তিতে জারি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। মঞ্জুরিকৃত চালের ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৩-ভিজিএফ কার্যক্রম-৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১-ত্রাণ কার্য (চাল) খাত হতে নির্বাহ হবে।

স্বাক্ষরিত/-

(ড. কিসিঞ্জার চাকমা)

উপসচিব (ত্রাক-১)

ফোনঃ ০২২২৩৩৯০০৪০

kisinger.chakma@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৪৭.২১.৩০২/১(৯০)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০
০৫ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আবদুল গণি রোড, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার, (সকল)।
- ৭। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক, (সকল)।
- ৯। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১০। উপসচিব (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরি আদেশটি সংশ্লিষ্টদের বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের অনুরোধসহ)।
- ১১। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আঃ গণি রোড, ঢাকা।
- ১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরি আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৬। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(ড. কিসিঞ্জার চাকমা)

উপসচিব (ত্রাক-১)।